# কে কোন দফতর পেলেন—

প্রেসিডেন্ট আবদুস সাত্তার শুক্রবার নবনিযুক্ত মন্ত্রিপরিষদ সদস্যদের দফতর বণ্টন করেছেন।

বাসসর খবরে প্রকাশ, প্রেসিডেন্টের সচিবালয়, কেবিনেট ডিভিসন, সংস্থাপন বিভাগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, প্রতিরক্ষা, পরিকল্পনা, ভূমি প্রশাসন ও ভূমি রাজস্ব এবং সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ দফতরের দায়িত্ব প্রেসিডেন্টের হাতে থাকবে।

ভাইস-প্রেসিডেন্ট ও মন্ত্রীদের দফতরগুলো নিম্নরূপ :

ভাইস-প্রেসিডেন্ট ডঃ এম এন হুদা—বাণিজ্য ও শিল্প।

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান—আইন ও সংসদ, ধর্ম এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়।

অধ্যাপক শামসুল হক—পররাষ্ট্র।

জনাব আবদুল হালিম চৌধুরী—খাদ্য ও কৃষি।

জনাব শামসুল হুদা চৌধুরী—রেল, সড়ক, জলপথ, সড়ক পরিবহন এবং বন্দর, জাহাজ চলাচল ও আই-ডব্লিউটি।

ডঃ ফসিহউদ্দিন মাহতাব—অর্থ।

অধ্যাপক এম এ মতিন—স্বরাষ্ট্র।

জনাব এ কে এম মাঈদুল ইসলাম—ডাক, তার, টেলিফোন, বেসামরিক বিমান চলাচল, পর্যটন ও জ্বালানী।

অধ্যাপক ইউসুফ আলী—পাট ও বস্ত্র।

জনাব টি এইচ খান—তথ্য ও বেতার, শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি।

খন্দকার আবদুল হামিদ—স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ, শ্রম, জনশক্তি ও সমাজ কল্যাণ।

প্রতিমন্ত্রীদের দফতর :

জনাব আমিরুল ইসলাম কালাম—মৎস্য ও গবাদিপশু।

মিঃ সুনীল গুপ্ত—জ্বালানী, ডাক তার, টেলিফোন বেসামরিক বিমান চলাচল ও পর্যটন।

চৌধুরী কামাল ইবনে ইউসুফ—ত্রাণ ও পুনর্বাসন।

জনাব এ কে ফয়জুল হক—পূর্ত ও নগর উন্নয়ন।

জনাব ওলি আহমদ—যুব উন্নয়ন।

সৈয়দ মনজুর হোসেন—বাণিজ্য ও শিল্প।

মিসেস কামরুন্নাহার জাফর—মহিলা বিষয়ক।

মিঃ অং শু প্রু চৌধুরী—স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ, শ্রম, জনশক্তি ও সমবায়।